

তারিখ: / / (পৃষ্ঠা:)

রাজশাহীতে বোরোর ফলন বৃদ্ধিতে কর্মশালা

জেলা বার্তা পরিবেশক, রাজশাহী

'রাজশাহী অঞ্চলে বোরো ধানের ফলন বৃদ্ধিতে করণীয়' শীর্ষক আঞ্চলিক কর্মশালার আয়োজন করা হয়। গত শনিবার এ কর্মশালার আয়োজন করা হয়। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ত্রি), আঞ্চলিক কার্যালয়, রাজশাহীর উদ্যোগে ত্রি'র মহাপরিচালক ড. শাহজাহান কবীরের সভাপতিত্বে উক্ত কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কমলারঞ্জন দাশ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিসিএসআইআর এর পরিচালক ড. ইব্রাহিম এবং কৃষি সম্প্রসারণ অধিদফতর, রাজশাহী অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ সিরাজুল ইসলাম, আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার কৃষিবিদ হাবিবুল হক ও বিএমডিএ এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী আব্দুর রশিদ।

কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ত্রি আঞ্চলিক কার্যালয় রাজশাহীর প্রধান এবং প্রিন্সিপাল সাইন্টিফিক অফিসার ড. ফজলুল ইসলাম। এছাড়াও ডিএই, রাজশাহী অঞ্চলের পক্ষ থেকে প্রবন্ধ উপস্থাপন করেন অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদফতর, রাজশাহীর উপ-পরিচালক খয়ের উদ্দিন মোস্তা। কর্মশালায় কৃষি সম্প্রসারণ